

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং-৩৪১

এ,

তারিখঃ ১৯ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ  
০৩ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ


বিষয়ঃ- মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ০২ (দুই) জন মাননীয় বিচারক-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগের প্রেক্ষিতে তাঁদের শপথ গ্রহণ সংক্রান্ত।

মহামান্য রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৫(১)-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক ১। বিচারপতি জনাব তারিক উল হাকিম এবং ২। বিচারপতি জনাব ওবায়দুল হাসান-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করেছেন। তাঁদের উক্ত নিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক ১৮ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ, ০২ সেপ্টেম্বর ২০২০ তারিখের ১০.০০.০০০০.১২৮.১১.০০১.২০.২৯০ নম্বর প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

২। অদ্য ১৯ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ, ০৩ সেপ্টেম্বর ২০২০ খ্রি. রোজ বৃহস্পতিবার বিকাল ০৪:৩০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে নব নিয়োগকৃত মাননীয় বিচারকগণকে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি শপথ পাঠ করাবেন।

৩। উক্ত শপথ গ্রহণ অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিনীত

  
০৩.০৯.২০২০  
(মোঃ আলী আকবর)  
রেজিস্টার জেনারেল।